

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি) ও ভারতের গুজরাট ন্যাশনাল ল ইউনিভার্সিটির (জিএনএলইউ) মধ্যে একটি সমরোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সম্প্রতি এআইইউবি ক্যাম্পাসে এ উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। জিএনএলইউর পক্ষে উপাচার্য অধ্যাপক সঞ্জীবী শান্তকুমার ও এআইইউবির পক্ষে আইন বিভাগের উপদেষ্টা অধ্যাপক তসলিমা মনসুর নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমরোতা স্মারকে স্বাক্ষর করেন। এ সময় কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন তাজুল ইসলামসহ বিশ্ববিদ্যালয় দুটির শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গুজরাট সরকার দ্বারা প্রতিষ্ঠিত জিএনএলইউ বিশ্ববিদ্যালয় আইন প্রোগ্রামবিষয়ক উচ্চশিক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে। এআইইউবি ও জিএনএলইউ ভবিষ্যতে উচ্চশিক্ষা পরিচালনার ক্ষেত্রে পারম্পরিক শিক্ষা কার্যক্রম, কর্মপরিকল্পনা ও গবেষণা বিষয়ে শিক্ষা বিনিময় ও সহযোগিতা আদান-প্রদানের লক্ষ্যে সমরোতা স্বাক্ষর সম্পাদন করেছে।